গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ অধিশাখা
www.hsd.gov.bd

**বিষয়ঃ সরকারি হাসপাতালসমূহে Electronic Asset Management System (e-AMS) এর DLI অর্জন এবং 4th HPNSP প্রকল্পের Financial Management Task Group (FMTG) সভার সিদ্ধান্ত অনুযায়ী "Asset Management Guideline and development of training manual" এর অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী :**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নাজমুল হক খান<br>অতিরিক্ত সচিব (হাসপাতাল)<br>স্বাস্থ্য সেবা বিভাগ<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ৩১.০৭.২০২২খ্রি.। |
| সময় | : | বিকাল ০৩:০০ টায়। |
| স্থান | : | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মিনি কনফারেন্স রুম (কক্ষ নং-৩৩৮, ভবন-৩, ৪র্থ তলা)<br>বাংলাদেশ সচিবালয় এবং Zoom Platform এ। |

উপস্থিতির তালিকা পরিশিষ্ট –"ক" তে সন্নিবেশ করা হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। গত সভার কার্যবিবরণী বিষয়ে কারো কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

সভাপতি বলেন যে, ২০১৭ সালে e-AMS এর কার্যক্রম শুরু হলেও অদ্যাবধি DLI অর্জন না করতে পারা একটি দুঃখজনক বিষয়। তিনি বলেন, আমাদেরকে এ বিষয়ে আরও দায়িত্ববান হওয়া প্রয়োজন। অতঃপর তিনি সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ এর উপসচিবকে গত সভার সিদ্ধান্ত এবং তার বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করলে উপসচিব, সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ সভায় গত সভার সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন।

এরপর সভাপতি উপস্থিত সকলকে তাদের বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করেন।

২. ডা. আবু জাহিদ, টীম লিড, MTaPS/MSH, জানান ৩৩টি হাসপাতাল চিহ্নিত করে কার্যক্রম শুরু হয়েছে। হাসপাতাল Management কে নিয়ে এই List করা হয়েছে। তাদের টিম মাঠ পর্যায়ে কাজ করছে। হাসপাতালগুলোতে প্রায় ১০০% এর কাছাকাছি ডাটা এন্ট্রির কাজ হয়ে গেছে। মন্ত্রণালয়ের কর্মকর্তা তাদের সাথে থাকলে আরও ভালোভাবে কাজ করা যেত।

৩. যুগ্মসচিব (সরঃ ও বেসরঃ স্বাঃ ব্যঃ) জনাব মোঃ হামিদুল হক বলেন যে, সংজ্ঞা অনুযায়ী হাসপাতালের সকল Asset Register অন্তর্ভূক্ত করা হয়েছে কিনা তা ভালভাবে পরীক্ষা করতে হবে। সকল Asset রেজিস্টারভুক্ত হবার পর সফট্ওয়্যারে আপলোড করতে হবে। পরিদর্শনের সময় বিষয়গুলো নিশ্চিত করা প্রয়োজন।

৪. অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জনাব মো. জাহাঙ্গীর আলম জানতে চান যে, DLI এর সাথে Asset এর সংজ্ঞার কোন সম্পর্ক আছে কিনা?

৫. USAID এর প্রতিনিধি সভায় বলেন, ৪৫টি হাসপাতাল থেকে ৩০টি হাসপাতালের কথা বলা হচ্ছে। কিভাবে ৩০টি হাসপাতাল হলো? এ বিষয়ে কোন সভার কার্যবিবরণী আছে কিনা? যদি থাকে তবে তা উপস্থাপন করার জন্য তিনি অনুরোধ করেন।

এ প্রসঙ্গে ডা. আবু জাহিদ, টিম লিড, MTaPS/MSH, USAID বলেন যে, এটি সেভাবে রেকর্ড পত্র করেছে কি-না খুঁজে দেখতে হবে। তবে জনাব বুশরা, সিনিয়র হেলথ্ স্পেশালিস্ট মৌখিকভাবে বিষয়টি বলেছেন।

৬. সভাপতি বলেন, DLI অর্জন করতে হলে আমাদেরকে সরেজমিন পরিদর্শন করতে হবে। সভাপতি বলেন, ইতোপূর্বে গঠিত ৩টি টিম দিয়ে ৩০টা হাসপাতাল আগামী সভার পূর্বেই পরিদর্শন করা দরকার এবং আগামী ১৫ আগস্ট ২০২২ এর পূর্বেই আরেকটি সভার আহ্বান করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতি বলেন, বিশ্বব্যাংকের প্রতিনিধি না থাকায় এবং ৩০টি হাসপাতালের পরিদর্শন রিপোর্ট পাওয়ার পর পরবর্তী সভায় Asset-এর সংজ্ঞার বিষয়ে আলোচনা হতে পারে।

৭. বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | DLI এর অপারেশনাল defination রিভিউ করে পরিবর্তনের জন্য সুপারিশ করা যেতে পারে। | ১। লাইন ডাইরেক্টর, হাসপাতাল ও ক্লিনিকসমূহ, স্বাস্থ্য অধিদপ্তর;<br>২। ডা: আবু জাহিদ, টিমলিড, USAID/MTaPs<br>৩। ডা: সালমুন নাহার, DPM, HSM |
| ২. | ৩টি টিম ৩০টি হাসপাতাল পরিদর্শনের জন্য তাগিদপত্র দিতে হবে। | উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২) |
| ৩. | ট্রেনিং ম্যানুয়ালে USAID/MTaPs প্রোগ্রাম স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রণীত ট্রেনিং ম্যানুয়াল মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য দাখিল করবে। | ডা: আবু জাহিদ, টিমলিড, USAID/MTaPs |
| ৪. | ১৫ আগষ্টের পূর্বে আরো একটি সভার আয়োজন করতে হবে। বিশ্বব্যাংক এবং IMED এর প্রতিনিধি আগামী সভায় যুক্ত করতে হবে। | যুগ্মসচিব (সরঃ ও বেসরঃ স্বাঃ ব্যঃ), স্বাস্থ্য সেবা বিভাগ |

৮. আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৭/০৮/২০২২
(নাজমুল হক খান)
অতিরিক্ত সচিব (হাসপাতাল)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ও
সভাপতি, Technical Working Committee

স্মারক নং: ৪৫.০০.০০০০.১৬১.৮৩.০০১.১৯- ২৭২

তারিখ : ০৭ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ
২৩ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. অতিরিক্ত সচিব (হাসপাতাল/এফএমএইউ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. অতিরিক্ত সচিব (পরিকল্পনা) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. পরিচালক (যুগ্মসচিব), সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।
৫. যুগ্মসচিব (সরকারি ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা/পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭. লাইন ডাইরেক্টর, হাসপাতাল সার্ভিসেস ম্যানেজম্যান্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮. প্রতিনিধি, IMED.
৯. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, বেটার হেলথ বাংলাদেশ, MSH, গুলশান, ঢাকা।
১১. প্রোগ্রাম ম্যানেজমেন্ট স্পেশালিস্ট, USAID, American Embassy, বারিধারা, ঢাকা।
১২. সিনিয়র হেলথ স্পেশালিস্ট, বিশ্ব ব্যাংক, ঢাকা।
১৩. কান্ট্রি প্রজেক্ট ডাইরেক্টর, MTaPS/MSH, USAID, ঢাকা।
১৪. ডাঃ আবু জাহিদ, টিম লিড, MTaPS/MSH, USAID, ঢাকা।

**অনুলিপি জ্ঞাতার্থে :**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. যুগ্মসচিব (সরকারি ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

০৭.০৮.২০২২

(এ জেড এম শারজিল হাসান)
উপসচিব
ফোন-৯৫৪৬৫২০
ghm2@hsd.gov.bd